DEC. 08 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৬ ...

শিক্ষক সমিতির সংবাদিক সম্মেলন

# বরিশালে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ বরিশাল শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম বন্ধ না করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

বরিশাল জেলা কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মহসিন উল ইসলাম হাবুল ও শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি আ. আবু ইসহাক সংবাদ সম্মেলনে ১৯ দফা দাবিনামা ও কতিপয় সুপারিশ পেশ করেছেন। এর মধ্যে রয়েছে ৯ দফা চুক্তি বাতিল, শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন, পরীক্ষার গ্রেডিং পদ্ধতির ব্যাপক প্রচার, পাবলিক পরীক্ষা ইনস্টিটিউট স্থাপন, জাতীয় পরীক্ষা নীতি প্রণয়ন, বেসরকারি শিক্ষক নিয়োগের জন্য পৃথক প্যাবলিক সার্ভিস কমিশন প্রতিষ্ঠা, নিয়মিত শিক্ষক প্রশিক্ষণ, ১৯৯৫ সালের জনবল কাঠামো আইন বাতিল, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য পেনশন পদ্ধতি প্রবর্তন, শিক্ষকদের ১০০% ভাগ বেতন প্রদান ও চাকরি জাতীয়করণ, ১৯৯৭ সালের বেতন স্কেল অনুযায়ী মেডিক্যাল ভাতা প্রদান, বেসরকারি কলেজ শিক্ষকদের সহযোগী ও অধ্যাপক পদ সৃষ্টি, শিক্ষকদের চাকরিবিধি সংশোধন, সকল সহকারী অধ্যাপক ও প্রভাষকগণের ৮ বছর চাকরির মেয়াদান্তে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতি, শিক্ষকদের আবাসনের ব্যবস্থা করা, সরকারি ও বেসরকারি হাইস্কুলের শিক্ষকদের বেতন বৈষম্য দূর করা, উৎসবভাতা প্রদান ইত্যাদি। শিক্ষক নেতৃবৃন্দ বরিশালে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠারও দাবি জানিয়েছেন।